

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



## জরুরী বিজ্ঞপ্তি

নম্বর- ৫১৫/০২/জে.এস.সি/নিব:(৩য় খন্ড)

তারিখ: ২৬/১১/২০২০

বিষয়: ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত বাদপাড়া শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ে পাঠদান/স্বীকৃতিপ্রাপ্ত বিদ্যালয়/মহাবিদ্যালয়ের প্রধান শিক্ষক/ অধ্যক্ষগণের এবং ৮ম শ্রেণির পাঠদানের অনুমতিপ্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৫/০৩/২০২০ তারিখে ১/জে.এস.সি(নিব:) ০১/বি.প আরকমূলে জারীকৃত বিজ্ঞপ্তিতে ৮ম শ্রেণির নিবন্ধন কার্যক্রম (বিলম্ব ফিসহ) সম্পাদনের শেষ তারিখ ৩১/০৩/২০২০ নির্ধারিত ছিল। পরবর্তীতে কভিড-১৯ এর কারণে নিবন্ধনের সময়সীমা ৩১/০৫/২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে শিক্ষা প্রতিষ্ঠান সমূহের আবেদনের প্রেক্ষিতে উক্ত সময়সীমা ২৪/০৯/২০২০ পর্যন্ত পুনরায় বর্ধিত করা হয়। বর্ধিত সময়সীমার পর যেসব আবেদন বোর্ডে জমা দেয়া হয়েছিল চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সেগুলোরও নিবন্ধন করা হয়েছে। ইতোমধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা জে.এস.সির নিবন্ধনের সর্বশেষ সময়সীমা ১৮/১১/২০২০-২২/১১/২০২০ পর্যন্ত নির্ধারণ করেছে। সে কারণে উক্ত সময়সীমা এবং ২৪/১১/২০২০ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদন সমূহ বিবেচনার জন্য চেয়ারম্যান মহোদয়ের অনুমতি গ্রহণ করা হয়েছে।

যেহেতু সকল শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে ৮ম শ্রেণির এ্যাসেসমেন্ট কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে সেহেতু নতুন করে জে.এস.সি/২০২০ সালে নিবন্ধনের কোন সুযোগ নেই।

চেয়ারম্যানের আদেশক্রমে

(প্রফেসর দেবশীষ রঞ্জন রায়)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

ফোন : ০৭২১-৭৭৫৭৬৮(অফিস)